

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৬]

8. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ পেশাব থেকে সতর্কতা অবলম্বন না করা কবীরা গুনাহ

باب مِنَ الْكَبَائِرِ أَنْ لاَ يَسْتَتِرَ مِنْ بَوْلِهِ

আরবী

الله عَنْهُمَا قَالَ الله عَنْهُمَا قَالَ: مَرَّ النَّبِيُّ بِحَائِطٍ مِنْ حِيطَانِ الْمَدِينَةِ أَقْ مَكَّة، فَسَمِعَ صَوْتَ إِنْسَانَيْنِ يُعَذَّبَانِ فِي قُبُورِهِمَا، فَقَالَ النَّبِيُّ يُعَذَّبَانِ وَمَا يُعَذَّبَانِ فِي كَبِيرٍ. ثُمَّ قَالَ بَلَى، كَانَ أَحَدُهُمَا لا يَسْتَتِرُ مِنْ بَوْلِهِ، وَكَانَ الآخَرُ يَمْشِي بِالنَّمِيمَةِ. ثُمَّ دَعَا بِجَرِيدَةٍ رَطْبَةٍ، فَكَسَرَهَا كِسْرَتَيْنِ، فَوَضَعَ عَلَى كُلِّ قَبْرٍ مِنْهُمَا كِسْرَةً، فَقِيلَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ، لِمَ فَعَلْتَ هَذَا؟ قَالَ لَعَلَّهُ أَنْ يُخَفَّفَ عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا. (بخارى: الله الله عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا. (بخارى: الله الله عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا. (بخارى: الله الله عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا.

বাংলা

১৬৩) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম মক্কা অথবা মদীনার কোন একটি বাগানের পাশ দিয়ে অতিক্রম করার সময় দু'টি কবরের নিকট দিয়ে হেঁটে যাচ্ছিলেন। তখন দু'জন মানুষের আওয়াজ শুনলেন। তাদেরকে কবরে শাস্তি দেয়া হচ্ছিল। তিনি বললেনঃ কবর দু'টির অধিবাসীদেরকে আযাব দেয়া হচ্ছে। আযাবের কারণ খুব বড় নয়। হ্যাঁ উহা বড় পাপই তো। তাদের একজন নিজেকে পেশাব থেকে পবিত্র রাখত না। অন্য জন ছিল চোগলখোর। সে একজনের কথা অন্যজনের নিকট বলে বেড়াত।

অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি খেজুরের ডাল আনতে বললেন। ডাল আনয়নের পর উহাকে দু'ভাগে ভাগ করে প্রত্যেক কবরের উপর এক অংশ গেড়ে দিলেন। তাঁকে বলা হল, হে আল্লাহর নবী! আপনি কেন এরূপ করলেন? তিনি বললেনঃ হতে পারে ডালগুলো না শুকানো পর্যন্ত তাদের আযাব হালকা করা হবে।

টিকাঃ এই হাদীছ থেকে এটা প্রমাণিত হয়না যে, মুসলিমদের কবরের উপর খেজুর বা অন্য কোন গাছের তাজা ডাল গেড়ে দিলে কবরের আযাব হালকা হবে। কারণ ঘটনাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে খাস (নির্দিষ্ট) ছিল। তিনি অহীর মাধ্যমে অবগত হয়েছিলেন যে, কবর দু'টিতে আযাব হচ্ছে, যা অন্যদের ক্ষেত্রে কল্পনা করা যায়না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে ঘটনা নির্দিষ্ট থাকার দলীল হচ্ছে, সাহাবীগণ একে



অপরের কবরের উপর খেজুর গাছের তাজা শাখা রাখেন নি। এমন কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পরবর্তীতে উক্ত কবর দু'টি ব্যতীত অন্য কোন কবরে খেজুর গাছের শাখা পুঁতেছেন বলে প্রমাণ পাওয়া যায়না। তবে বুরায়দা ইবনে হুসাইব (রাঃ) অসীয়ত করেছিলেন যে, তিনি যখন মারা যাবেন তার কবরের উপরে যেন খেজুর গাছের তাজা ডাল রাখা হয়। আল্লাহর ইচ্ছায় তিনি এমন দেশে মৃত্যু বরণ করেছেন যেখানে কোন খেজুর গাছ ছিলনা। ফলে খেজুর গাছের ডালও রাখা সম্ভব হয়নি।

English

One of the major sins is not to protect oneself (one's clothes and body) from one's urine (i.e., from being soiled with it)

Narrated Ibn `Abbas:

Once the Prophet, while passing through one of the graveyards of Medina or Mecca heard the voices of two persons who were being tortured in their graves. The Prophet () said, "These two persons are being tortured not for a major sin (to avoid)." The Prophet () then added, "Yes! (they are being tortured for a major sin). Indeed, one of them never saved himself from being soiled with his urine while the other used to go about with calumnies (to make enmity between friends). The Prophet () then asked for a green leaf of a date-palm tree, broke it into two pieces and put one on each grave. On being asked why he had done so, he replied, "I hope that their torture might be lessened, till these get dried."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২১৬ ইসলামিক সেন্টারঃ ২১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন